

পাকিস্তানের ৪ বিমানবন্দর সাময়িক বন্ধ ঘোষণা

- A Monitor Desk Report

Date: 08 May, 2025



ঢাকাঃ পাকিস্তানের রাজধানী ইসলামাবাদসহ করাচি, লাহোর ও শিয়ালকোট বিমানবন্দরে উড়োজাহাজ চলাচল সাময়িকভাবে স্থগিত ঘোষণা করা হয়েছে।

পাকিস্তান এয়ারপোর্টস অথরিটি এক বিজ্ঞপ্তিতে যাত্রীদের সর্বশেষ তথ্যের জন্য সংশ্লিষ্ট এয়ারলাইনগুলোর সাথে যোগাযোগ বজায় রাখতে অনুরোধ করেছে।

বৃহস্পতিবার (৮ মে) এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম।

এর আগে পাকিস্তানের বেশ কয়েকটি স্থানে ভারত বিমান হামলা চালানোর পর দেশটির উড়োজাহাজ চলাচল বন্ধ হয়। যদিও পরে পাকিস্তান বিমানবন্দর কর্তৃপক্ষ (পিএএ) জানায়, পাকিস্তানের সব বিমানবন্দর এবং আকাশসীমা সম্পূর্ণরূপে চালু আছে।

ফ্লাইট ট্র্যাকিং সার্ভিস ফ্লাইটরাজার২৪ জানিয়েছে, ভারতের হামলার পর পাকিস্তানে মোট ১৩৫টি ফ্লাইট আর ভারতে ৪১৭টি নির্ধারিত ফ্লাইট বাতিল হয়েছে।

অন্যদিকে, মিডিয়া রিপোর্ট এবং এয়ারলাইন্সের নির্দেশনায় জানা গেছে, ভারতের ২০টিরও বেশি বিমানবন্দর ১০মে পর্যন্ত বন্ধ রাখা হয়েছে। তবে এই বিষয়ে ভারতের বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ বা বিমানবন্দর কর্তৃপক্ষের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক নির্দেশনা পাওয়া যায়নি।

সংবাদমাধ্যম বলছে, ভারতের ২০টিরও বেশি বিমানবন্দর আগামী ১০ মে পর্যন্ত বন্ধ রাখা হয়েছে। মিডিয়া রিপোর্ট এবং উড়োজাহাজ সংস্থাকুলের ট্রাভেল অ্যাডভাইজরিতে এমন তথ্য পাওয়া গেছে। বন্ধ হয়ে যাওয়া এসব বিমানবন্দরের বেশিরভাগই উত্তর ভারতে।

তবে এ বিষয়ে ভারতের বেসামরিক উড়োজাহাজ পরিবহন মন্ত্রণালয় বা বিমানবন্দর নিয়ন্ত্রক সংস্থা থেকে কোনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি।

-B